

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩২৪

আগরতলা, ২১ ডিসেম্বর, ২০২৩

সাহিত্য আকাডেমি পুরস্কার-২০২৩ পাছেন রাজ্যের  
কবি সোরোকখাইবম গন্তিনী : মুখ্যমন্ত্রীর অভিনন্দন



মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এবছরের সাহিত্য আকাডেমি পুরস্কার পাওয়ায় রাজ্যের কবি সোরোকখাইবম গন্তিনীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, মণিপুরী ভাষায় ‘যাচঙ্গবা নঙ হঞ্জো’ কাব্যগ্রন্থের জন্য কবি এই পুরস্কার পাচ্ছেন। এই পুরস্কার ত্রিপুরাবাসীর কাছে গর্বের বিষয়। তাছাড়াও জাতীয়স্তরে সাহিত্যক্ষেত্রে রাজ্যকে গৌরবান্বিত করেছে এই পুরস্কার।

উল্লেখ্য, সাহিত্য আকাডেমি পুরস্কার-২০২৩ পাছেন রাজ্যের কবি সোরোকখাইবম গন্তিনী। মণিপুরী ভাষায় ‘যাচঙ্গবা নঙ হঞ্জো’ কাব্যগ্রন্থের জন্য তিনি এই পুরস্কার পাবেন। ১৯৭১ সালে কমলপুরে কবি সোরোকখাইবম গন্তিনীর জন্ম। সংস্কৃত ভাষায় স্নাতকোত্তর কবি সোরোকখাইবম গন্তিনী বর্তমানে ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে কর্মরত রয়েছেন। উল্লেখ্য, এবছর ২৪টি ভাষায় সাহিত্য আকাডেমি পুরস্কার ঘোষণা করা হয়েছে।

\*\*\*\*\*